West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2011

PART – II (Honours)

বাংলা — সাম্মানিক

তৃতীয় পত্র

Duration : 4 Hours — Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। কলাবৃত্ত (ধ্বনিপ্রধান বা মাত্রাবৃত্ত) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দিন। ১২

অথবা

যে কোন দুটি বিষয়ে টীকা লিখুন : ২ × ৬ = ১২

মিশ্র কলাবৃত্ত, শ্বাসাঘাত-প্রধান ছন্দ, গদ্য ছন্দ, সনেট।

২। যে কোন দুটি অংশের ছন্দোলিপি রচনা করুন : ২ × ৪ = ৮

ক) ভিন্ন জাত আর ভিন্ন বংশ
এক জাতি তাই একশ অংশ
হিন্দুরে তুই হবি ধ্বংস
না ঘুচালে এই বালাই।

খ) 'রে সতী রে সতী' কাঁদিল পশুপতি পাগল শিব প্রমথেশ
যোগমগন হর তাপস যতদিন ততদিন নাহি ছিল ক্লেশ।

গ) প্যাঁচ কিছু জানা আছে কুস্তির ?
নইলে
রইলে
ট্রামে না চড়ে
ভ্যাবাচাকা রাস্তায় পড়ে বেঘোরে।

ঘ) উজ্জ্বল এক ঝাঁক পায়রা
সূর্যের উজ্জ্বল রৌদ্রে
চঞ্চল পাখনায় উড়ছে।
নিঃসীম ঘননীল অম্বর
গ্রহতারা থাকে যদি থাক নীল শূন্যে।

৩। উৎপ্রেক্ষা অলঙ্কারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলি উদাহরণসহ আলোচনা করুন। ১২

অথবা

যে কোন দুটি অলঙ্কারের উদাহরণসহ ব্যাখ্যা করুন : ২ × ৬ = ১২

উপমা, শ্লেষ, অর্থান্তরন্যাস, বিরোধ।

৪। যে কোন দুটি উদ্ধৃতির অলঙ্কার নির্ণয় করুন : ২ × ৪ = ৮

ক) রেখ দ্বিজ মনসিজ জিনিয়া মুরতি।
পদ্মপত্র যুগ্মনেত্র পরশয়ে শ্রুতি ॥

খ) তুমিও আইস দেবি, তুমি মধুকরী
কল্পনা ! কবির চিত্তফুলবন-মধু
লয়ে রচ মধুচক্র, গৌড়জন যাহে
আনন্দে করিবে পান সুধা নিরবধি

গ) বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয় ;
অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ

ঘ) অমিতা, সাগর কি শুখাইয়া যাবে
আমি যদি এক মুঠো ফেনা নিয়ে যাই ?

ঙ) কবিতা তোমায় দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময় :
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।

৫। বৈষ্ণব পদাবলী সাহিত্যে 'নিবেদন' ও 'প্রার্থনা' শ্রেণির পদের গুরুত্ব কতখানি ? এই দুই শ্রেণির পদের দু-জন বিশিষ্ট পদকর্তার কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করুন। $২\frac{১}{২} + ২\frac{১}{২}$ + ৫ + ৫ = ১৫

অথবা

'বৈষ্ণব কবিগণ প্রেমমনস্তত্ত্বের সুনিপুণ রূপকার' — উপযুক্ত উদ্ধৃতি ও বিশ্লেষণের সাহায্যে এই উক্তির যাথার্থ্য প্রতিপন্ন করুন। ১৫

৬। 'ভক্তের আকূতি' শীর্ষক পদগুলির বৈশিষ্ট্য আলোচনা করুন। এই শ্রেণির পদ রচনায় কবিগণ যে রূপকগুলি ব্যবহার করেছেন তার পরিচয় দিয়ে সেগুলির সঙ্গে লোকজীবন ও লোকভাবনার সম্পর্কটি বুঝিয়ে দিন।

৫ + ৪ + ৩ + ৩ = ১৫

অথবা

শাক্ত পদরচনায় কমলাকান্ত ভট্টাচার্য্যের যে বিশিষ্টতা রয়েছে সে বিষয়ে উদাহরণসহ মন্তব্য করুন। ১৫

৭। "দুঃখ-দৈন্যের ভাষা-চিত্র বর্ণনায় মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব অসাধারণ হলেও সমগ্রভাবে মুকুন্দ চক্রবর্তী দুঃখবাদী কবি নন।" — চণ্ডীমঙ্গল কাব্যের প্রথম খণ্ডের আলোচনা প্রসঙ্গে উক্তিটির বিচার করুন। ১৫

অথবা

"কবিকঙ্কণের সমস্ত কাব্যরাশি কালে কালে অনাদৃত হতে পারে, কিন্তু রইল তাঁর ভাঁড়ুদত্ত" — মন্তব্যটির আলোকে ভাঁড়ুদত্ত চরিত্রটি বিশ্লেষণ করুন। কবিকঙ্কণ সৃষ্ট এই চরিত্র কি কি কারণে বিশিষ্টতার দাবী করে সে বিষয়ে মন্তব্য করুন। ১০ + ৫ = ১৫

৮। কোন্ বিধি সিরজিল সোতের শেঁওলি।
এমন ব্যথিত নাই ডাকি বন্ধু বলি ॥ — পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন।
১ + ১ + ৩ = ৫

অথবা

বয়সে কিশোরী রাজার কুমারী
তাহে কুলবধূ বালা।
কিবা অভিলাষে বাঢ়য়ে লালসে
না বুঝি তাহার ছলা।।

— কোন্ পর্যাদের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

৯। অনেক দিবস পর, যাইব জনক ঘর, জননীরে দেখিব নয়নে।।
দিবানিশি অবিরত জননী কান্দিছে কত হে !
তৃষিত চাতকীর মত রাণী চেয়ে পথ-পানে।

— পদকর্তা কে ? কোন্ পর্যাদের পদ ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

অথবা

তনয়া পরের ধন, বুঝিয়া না বুঝে মন,
হায় হায়, একি বিড়ম্বনা বিধাতার।

— পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

১০। পিপীড়ার পাখা উঠে মরিবার তরে।
কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে।।

— উদ্ধৃতিটি কোন্ প্রসঙ্গের অন্তর্গত ? কে, কাকে, কখন এমন কথা বলেছেন ? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করুন।
১ + ১ + ১ + ১ + ১ = ৫

অথবা

বড়ই দানিসবন্দ না জানে কপট ছন্দ
প্রাণ গেলে রোজা নাহি ছাড়ে।।

— কোন্ প্রসঙ্গে কাদের বিষয়ে এই মন্তব্য ? 'দানিসবন্দ' শব্দের অর্থ কি ? উদ্ধৃতাংশে কবির গুণমুগ্ধতা বিষয়ে মন্তব্য করুন। ১ + ১ + ১ + ২ = ৫

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2011

PART – II (Honours)

[Library stamp]

বাংলা — সাম্মানিক

চতুর্থ পত্র

Duration : 4 Hours   Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। ট্র্যাজেডির সংজ্ঞা নির্দেশ করে এর সাধারণ লক্ষণগুলির পরিচয় দিন । ট্র্যাজেডি কেন শেষ পর্যন্ত আনন্দ পরিণামী ? একটি সার্থক বাংলা ট্র্যাজেডি নাটক সম্পর্কে আলোচনা করুন । ৮ + ৪ + ৮

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করুন ঃ ১০ + ১০

(ক) ঐতিহাসিক নাটক

(খ) পৌরাণিক নাটক

(গ) একাঙ্ক নাটক

(ঘ) কমেডি ।

২। 'ন্যাশনাল থিয়েটার'-এর সূচনা কীভাবে হয় ? এর প্রথম পর্বের নাট্য উদ্যোগগুলির বিস্তৃত পরিচয় দিয়ে বঙ্গীয় সাধারণ রঙ্গালয়ের ইতিহাসে এর গৌরবী ভূমিকা সম্পর্কে আলোকপাত করুন । ৪ + ১০ + ৬

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন ঃ ১০ + ১০

(ক) নবীন চন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার

(খ) বেলগাছিয়া নাট্যশালা

(গ) জোড়াসাঁকো নাট্যশালা

(ঘ) বাগবাজার অ্যামেচার থিয়েটার ।

৩। প্রহসন হিসেবে 'একেই কি বলে সভ্যতা'-র অভিনবত্ব ও সার্থকতার পরিচয় দিন। ১০

অথবা

'একেই কি বলে সভ্যতা'-এর নারী চরিত্রগুলি কতখানি শিল্পসম্মত হ'য়ে উঠতে পেরেছে তা' বিশ্লেষণ করুন। ১০

৪। 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের 'ভক্তপ্রসাদ' চরিত্রটি একটি অভিনব নির্মাণ — আলোচনা করুন। ১০

অথবা

'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির সংলাপ রচনায় মধুসূদনের বাস্তবতাবোধ কতটা সিদ্ধি অর্জন করেছে তা' বিশ্লেষণ করে দেখান। ১০

৫। 'মুক্তধারা' নাটকের গানগুলি নাট্যবিষয়ের বুননকেই সমৃদ্ধ করেছে। — আলোচনা করুন। ১৫

অথবা

'মুক্তধারা' নাটকে ধনঞ্জয় বৈরাগী চরিত্রটিকে প্রেরণা-শক্তির আইডিয়াতেই সৃষ্টি করা হয়েছে। চরিত্রটি আনুপূর্বিক বিশ্লেষণ করে মন্তব্যটির যথার্থতা নির্ণয় করুন। ১৫

৬। 'টিনের তলোয়ার' নাটকের বক্তব্যবিষয়ের বিবরণ দিয়ে এর নামকরণ কোন্ প্রেক্ষিতে সত্য হয়ে উঠেছে তা' বিশ্লেষণ করে দেখান। ১৫

অথবা

প্রিয়নাথ মল্লিক চরিত্রটি কতটা সময়-অতিক্রমী — 'টিনের তলোয়ার' নাটকের পরিপ্রেক্ষিত বিশ্লেষণ করে তার পরিচয় দিন। ১৫

৭। নীচের প্রশ্নগুলির উত্তর দিন ঃ

(ক) 'আমার জীবনের স্রোত রাজবাড়ির পাথর ডিঙিয়ে চলে যাবে এই কথাটা কানে নিয়েই পৃথিবীতে এসেছি।'

— কে, কাকে একথা বলেছেন ? এই ধরনের মন্তব্যের মধ্যে দিয়ে বক্তার কোন্ মানসিকতা প্রকাশ পেয়েছে ? ১ + ১ + ৩

অথবা

'যন্ত্রের জোরে দেবতার পদ নিজেই নেব এই কথা প্রমাণ করবার ভার আমার উপর।'

— বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য সংক্ষেপে বিশ্লেষণ করুন। ১ + ৪

(খ) 'ডাকাতই পড়েছে, ডাকাতের ফিমেল সংস্করণ।'

— কে কার সম্বন্ধে এ কথা বলেছেন ? সংক্ষেপে প্রসঙ্গ নির্দেশ করুন। ১ + ১ + ৩

অথবা

'এই নাও ইংরাজ দুষমণ । এই নাও নারীধর্ষক ইংরাজ হার্মাদ । আজ বছরের পর বছর আমার দেশরে যা দিয়েছ, এই নাও তার খানিক ফেরৎ নাও ।'

— বক্তা কে ? কোন্ প্রসঙ্গে এটি বলা হয়েছে ? উক্তিটিতে বক্তার চরিত্রের কোন্ বিশিষ্টতা পরিস্ফুট হয়েছে ?

১ + ১ + ৩